ইনোভেশন কার্যক্রমের বিবরণ: (অর্থ বছর-২০১৭ -২০১৮)

মাসের নাম : মার্চ/২০১৮খ্রিঃ

অধিদপ্তর বা সংস্থার নাম	গতমাস পযন্ত গৃহীত মোট ইনোভেশন কার্যক্রমের সংখ্যা	চলমান ইনোভেশন কার্যক্রমের সংখ্যা ও বিবরণ	চলতিমাসে গৃহীত ইনোভেশন	ইনোভেশন কার্যক্রম	বাস্তবায়ন অগ্রগতি
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
কারা অধিদপ্তর	০৭ (সাত)টি	কারাগারে বন্দিদের জন্য মোবাইল ফোনবুথ স্থাপন	নাই	কারাগারে বন্দিদের জন্য মোবাইল ফোনবুথ স্থাপনের জন্য পাইলট প্রজেক্ট হিসেবে প্রধান মন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রকল্পের অর্থায়নে টাঙ্গাইল জেল কারাগারে মোবাইল ফোনবুথ স্থাপন করা হয়েছে। ২৮-০৩-২০১৮খ্রিঃ তারিখ মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী মহোদয় উদ্বোধন করেছেন।	১০০%
		আদালত ও কারাগারের মধ্যে ভিডিও কনফারেন্সিং সিস্টেম চালুকরণ		ভিডিও কনফারেন্সিং এর মাধ্যমে সাক্ষ্য গ্রহণের জন্য ঢাকা কেন্দ্রিয় কারাগার, কেরাণীগঞ্জ এবং হাইসিকিউরিটি কেন্দ্রিয় কারাগার, কাশিমপুর এ ২টি কক্ষ বহি:শব্দ নিরোধকরণ, শীতাতপ নিয়ন্ত্রণ, কক্ষের ভিতরের ও বাইরের প্রয়োজনীয় সংখ্যক সিসিটিভি ক্যামেরা স্থাপন এবং আলোক প্রক্ষেপন ব্যবস্থার উন্নয়নসহ অন্যান্য পূর্ত ও বৈদ্যুতিক উন্নয়ন কাযক্রম কারা অধিদপ্তর কর্তৃক সম্পাদন করা হয়েছে। প্রধান মন্ত্রীর কার্যালয়ের এ টু আই কর্তৃক নেটওয়ার্কিং ও অন্যান্য কার্যক্রম বাস্তবায়নধীন রয়েছে।	৮৫%
		বন্দিদের ডেটাবেইজ তৈরী		কারা অধিদপ্তর ও র‍্যাবের যৌথ উদ্যোগে কারাগারসমূহে বন্দিদের ডেটাবেইজ তৈরীর লক্ষ্যে দেশের ৪৫টি কারাগারে ডেটা ইনপুটের কাজ সম্পন্ন হয়েছে। অবশিষ্ট ২৩ টি কারাগারে চলতি বছরের মধ্যেই সম্পন্ন হবে।	৮০%
		কারা হাসপাতালে ডিজিটাল মেডিকেল রেকর্ড কিপিং সিস্টেম চালুকরণ		প্রাথমিক ভাবে টাঙ্গাইল জেলা কারাগারে কারা হাসপাতালে আগত বন্দিদের জন্য Inmates Medical Record File তৈরী করে চিকিৎসা সেবা প্রদান করা হচ্ছে। পদ্ধতিটি ফলপ্রসূ হলে দেশের সকল কারাগারে কারা হাসপাতালে ডিজিটাল মেডিকেল রেকর্ড কিপিং সিস্টেম চালু করা হবে।	৯০%

		Standard Leave Form এর মাধ্যমে কারা কর্মচারিদের ছুটির আবেদন প্রক্রিয়া সহজীকরণ		দেশের কারাগার সমূহে Standard Leave Form প্রেরণ করা হয়েছে এবং এর ব্যবহার শুরু হয়েছে, যার সুফল সকলেই পাচ্ছে।	৯০%
		ই-সেবার মাধ্যমে দেখা-সাক্ষাত প্রক্রিয়া সহজীকরণ		Mobile Apps তৈরী হয়েছে। রংপুর কেন্দ্রীয় কারাগারে পাইলটিং চলছে।	৯৫%
		ওয়েস্টেজ ম্যানেজমেন্ট এন্ড ইউজেস		কুড়িগ্রাম জেলা কারাগার প্রাথমিকভাবে বাস্তবায়নের কাজ চলছে।	৫০%
		বাস্তবায়িত			
		এসএমএস এর মাধ্যমে নিয়োগের আবেদন গ্রহণ।			
		ওয়েব বেইজড ডিজিটাল প্রিজন ভ্যান চালু।			
		ডে-কেয়ার সেন্টার চালু।			
		কারা হাসপাতালে সুষ্ঠু মেডিকেল রেকর্ড কিপিং সিস্টেম চালুকরণ			
		ফেসবুকে অভিযোগ দাখিল			

কারা অধিদপ্তরের উত্তমচর্চাসমূহ

ঢাকা জেলার কেরাণীগঞ্জে বিচারাধীন পুরুষ বন্দিদের জন্য একটি কেন্দ্রিয় কারাগার নির্মাণ করা হয়েছে। যা ১০-৪-২০১৬খ্রি: তারিখে মাননীয় প্রধানমন্ত্রী উদ্বোধন করেছেন। ২৯-৭-২০১৭খ্রি: তারিখে বন্দি স্থানান্তরের মাধ্যমে কারাগারের প্রশাসনিক কার্যক্রম শুরু করা হয়েছে। এ ছাড়া কেরাণীগঞ্জে মহিলা বন্দীদের জন্য কারাগার নির্মাণ কার্যক্রম চলমান আছে। কারা অধিদপ্তরের তত্ত্বাবধানে বার্ষিক উন্নয়ন কর্ম সুচীর আওতায় নিম্নবর্ণিত (আট)টি প্রকল্পের নির্মাণ কাজ বাস্তবায়নাধীন আছে।

১.	ঢাকা কেন্দ্রিয় কারাগার, কেরাণীগঞ্জ নির্মাণ প্রকল্প (মহিলা কারাগার);
২.	৩টি জেলা কারাগারের অবকাঠামো নির্মাণ এবং ২টি জেলা কারাগারের অসমাপ্ত কাজ সমাপ্তকরণ প্রকল্প;
৩.	খুলনা জেলা কারাগার নির্মাণ প্রকল্প;
৪.	সিলেট কেন্দ্রিয় কারাগার নির্মাণ প্রকল্প ;
৫.	কারা প্রশিক্ষণ একাডেমী,রাজশাহী নির্মাণ প্রকল্প;
৬.	ময়মনসিংহ কেন্দ্রিয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প;
৭.	কারা নিরাপত্তা আধুনিকায়ন প্রকল্প;
৮.	মহিলা কারারক্ষীদের জন্য আবাসন নির্মাণ প্রকল্প ;

এ ছাড়া নিম্নবর্ণিত নতুন প্রকল্প বাস্তবায়ন পরিকল্পনা গ্রহণ করা হয়েছে।

১.	পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগার এর ইতিহাস,ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন শীর্ষক প্রকল্প;
২.	বিভাগীয় শহরে কারা উপ-মহাপরিদর্শকের অফিস ভবন ও স্টাফ কোয়ার্টার নির্মাণ প্রকল্প ;
৩.	কেন্দ্রীয় কারা হাসপাতাল ও মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ কেরানীগঞ্জ প্রকল্প;
৪.	বঙ্গবন্ধু শেখ মুজিব কারা প্রশিক্ষণ একাডেমী নির্মাণ কেরানীগঞ্জ প্রকল্প;
৫.	কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনঃ নির্মাণ শীর্ষক প্রকল্প;
৬.	নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প;
৭.	ঠাকুরগাঁও জেলা কারাগার নির্মাণ প্রকল্প;
৮.	কারা বিভাগের সেবা ও সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্প;
৯.	কারা নিরাপত্তা আধুনিকায়ন (রাজশাহী,রংপুর,বরিশাল,খুলনা, সিলেট ও ময়মনসিংহ বিভাগ);
১০.	ফরিদপুর জেলা কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ;
১১.	জামালপুর জেলা কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ;
১২.	বৃহত্তর নোয়াখালী এলাকার (নোয়াখালী, লক্ষীপুর, ফেনী) জেলা কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ;
১৩.	রাজশাহী কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ;
১৪.	যশোর কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ;
১৫.	রংপুর কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ;
১৬.	খাগড়াছড়ি ও রাঙ্গামাটি জেলা কারাগার সম্প্রসারণ ও আধুনিকীকরণ;

কারা কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ ইনষ্টিটিউট এবং কারা একাডেমী স্থাপনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। বর্তমানে কারা কর্মকর্তা-কর্মচারীদের স্বল্প পরিসরে প্রশিক্ষণ চলছে।

বন্দি মুক্তি পরবর্তী পুনর্বাসনের জন্য কারা বন্দিদের নিম্নবর্ণিত শিল্পসমুহে প্রশিক্ষণ প্রদান করা হয় । এ বিষয়ে জানুয়ারি/২০১৮ মাসের তথ্য নিম্নে প্রদান করা হলো।

ক্রমিক	শিল্পের নাম	প্রশিক্ষণের বিষয়	প্রশিক্ষণ প্রাপ্ত
১	২	৩	৪
১.	হস্ত শিল্প(মোড়া, চেয়ার, নকশি কাঁথা তৈরী,ডিজাইন, বুটিক ও বাটিকের কাজ)		৫৩৪
২.	তাঁত শিল্প (লুঙ্গি,গামছা,বেডশিট,প্রিন্টি কাপড়,কয়েদী পোষাক,ইউনিফরম সেলাই)		৩৯৮
৩.	পাট শিল্প (ব্যাগ,দোলনা ,মোড়া তৈরী)		৮৯
৪.	কার্পেট ও পাপোস শিল্প (উলেন কার্পেট এবং নারিকেলের আশ দ্বারা পাপোস তৈরী)		৩৩
৫.	কাঠ শিল্প (চেয়ার, টেবিল, আসবাবপত্র তৈরী)		৯০
৬.	এ্যালুমিনিয়াম শিল্প (এ্যালুমিনিয়াম তৈরী)		৬
৭.	গার্মেন্টস শিল্প (পোশাক তৈরীর কাজ)		৪৫
৮.	মোজা শিল্প (মোজা তৈরীর কাজ)		৮
৯.	ইলেকট্রিক ও ইলেক্ট্রনিক্স শিল্প (টিভি,রেডিও,ঘড়ি ইত্যাদি মেরামতের কাজ)		১০৩
১০.	প্রেস ও বাধাই শিল্প (প্রেস ও বই, রেজিষ্টার বাঁধাইয়ের কাজ)		৮৭
১১.	বেকারী শিল্প (বেকারী পণ্য তৈরীর কাজ)		৬০
১২.	টেইলারিং ও কামার শিল্প (টেইলারিং ও কামারের কাজ)		২৫৮
১৩.	অন্যান্য শিল্প (কাগজেল ব্যাগ, মোবাইল ব্যাগ, প্লাস্টিক ব্যাগ, ব্যানার আরট, ড্রইং, বেড, ঝাড়ু ইত্যাদি)		৯২
		মোট=	১৮০৩ জন।

মুক্তির পর পুনর্বাসনের উদ্দেশ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য কাশিমপুর কারা ক্যাম্পাসে একটি অত্যাধুনিক ডিজিটাল প্রিন্টিং প্রেস চালু করা হয়েছে। কাশিমপুর কেন্দ্রিয় কারাগার-২ এ ০১ টি আধুনিক কারা বেকারি স্থাপন করা হয়েছে। বন্দি কর্তৃক উৎপাদিত পণ্য বিক্রয়ের পর এর লভ্যাংশের ৫০% সরকারি কোষাগারে এবং ৫০% বন্দিকে পারিশ্রমিক হিসেবে প্রদানের বিষয়টি সদাশয় অনুমোদন করেছেন। নারায়ণগঞ্জ জেলা কারাগারের বন্দী কর্তৃক পরিচালিত রিজিলিয়ান্স গার্মেন্টস শিল্প উদ্বোধন করা হয়েছে।

মাননীয় প্রধান মন্ত্রীর প্রতিশ্রুতি অনুযায়ী বন্দীদের পরিবারের সাথে মোবাইলে কথা বলার জন্য পাইলট প্রজেক্ট হিসেবে টাঙ্গাইল জেলা কারাগারে মোবাইল বুথ স্থাপন করা হয়েছে। গত ২৮-০৩-২০১৮ খ্রিঃ তারিখে মাননীয় স্বরাষ্ট্র মন্ত্রী উদ্বোধন করেছেন।

কারা অধিদপ্তরকে সম্পূর্ণরুপে আন্ত:নেটওয়ার্কের আওতায় আনা হয়েছে। ডিজিটাল বাংলাদেশ বিনির্মাণের অংশ হিসেবে ইনফো-সরকার শীর্ষক প্রকল্পের আওতায় দেশের ৬৪টি কারাগারকে কানেক্টিভিটির আওতায় আনার কার্যক্রম চলমান রয়েছে। রাজশাহীতে কারা প্রশিক্ষণ একাডেমী নির্মাণের লক্ষ্যে ৭৩.৪২ কোটি টাকা প্রাকল্পিত ব্যয়ে ০১টি উন্নয়ন প্রকল্প গ্রহণ করা হয়েছে।

কারাগারে আটক অসুস্থ,বৃদ্ধ,চলাচলে অক্ষম, গুরুতর অসুস্থ কারা বিধি অনুযায়ী লঘু অপরাধে দন্ডপ্রাপ্ত মুক্তিযোগ্য কারাবন্দিদের মুক্তি প্রদানের প্রক্রিয়া অব্যাহত রয়েছে। এ কার্যক্রমের আওতায় বিভিন্ন ধারায় ২০০৯-১০ সালে মোট ২৬১২ (দুই হাজার ছয়শত বার) জন বন্দিকে কারাগার থেকে মুক্তি প্রদান করা হয়েছে। গত ০৫(পাঁচ) বছরে (২০১১-২০১৫) বছরে বিভিন্ন ধারায় ১২০৪ জন, ২০১৬ সালে ৬০ জন এবং ২০১৭ সালে ৫১ জন বন্দীকে বিভিন্ন ধারায় মুক্তি প্রদান করা হয়েছে।

সকল কারাগারে বন্দিদের ডেটাবেজ তৈরীর কাজ চলছে। ৩২ কোটি টাকা ব্যয়ে "কারা নিরাপত্তা আধুনিকায়ণ" শীর্ষক প্রকল্প হাতে নেওয়া হয়েছে। উক্ত প্রকল্পের আওতায় কারাগারসমূহের যেমন: লাগেজ স্ক্যানার,বডি স্ক্যানার, মোবাইল জ্যামার,সিসিটিভি ক্যামেরা, মেটাল ডিটেক্টর, হ্যান্ড হোল্ড মেটাল ডিটেক্টর ইত্যাদি আধুনিক যন্ত্রপাতি সংযোজনের কাজ চলমান রয়েছে।

২৯/৫/১৮

কারা বিভাগের Good Practice

নং	বিষয়বস্তু	বিস্তারিত
১.	মেডিটেশন চালুকরণ	মেডিটেশনের মাধ্যমে বন্দিদের সুশৃঙ্খল হওয়া, আত্মবিশ্বাস বৃদ্ধিতে সহায়তাকরণ
২.	বন্দি দরবার	প্রতিমাসে একবার বন্দিদের অভিযোগ/মতামত শোনার জন্য কারাবন্দিদের উপস্থিতিতে দরবার এবং আয়োজন করা;
৩.	সুপেয় পানির ব্যবস্থাকরণ	বন্দিদের জন্য সুপেয় ঠান্ডা পানি সরবরাহের উদ্দেশ্যে কিছু কারাগারে ওয়াটারকুলার স্থাপন করা হয়েছে।
৪.	অভিযোগ/অনুযোগ শ্রবণ	সপ্তাহে সোমবার ও বৃহস্পতিবার কারা মহাপরিদর্শক এর সাথে সকল শ্রেণীর কর্মকর্তা-কর্মচারীর অভিযোগ/অনুযোগ শ্রবণ ও সমাধানে তাৎক্ষণিক পদক্ষেপ গ্রহণ।
৫.	বিশুদ্ধ খাবার পানি	কারা কর্মকর্তা ও কর্মচারীদের সুবিধার্থে অধিদপ্তর ভবনের প্রতি তলায় পানির ফিল্টার স্থাপন।
৬.	আবাসন প্রকল্প	কারা কর্মকর্তা কর্মচারীদের জন্য ৩কাঠা ও ৫ কাঠা বিশিষ্ট প্লটের আবাসন প্রকল্প চালুকরণ
৭.	নিরাপত্তা ব্যবস্থা আধুনিকীকরণ	নিরাপত্তা নিশ্চিত কল্পে কারা অধিদপ্তরে Turned Style Access Control গেট স্থাপন।
৮.	ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন	কারা কর্মকর্তা-কর্মচারী ও বন্দিদের শারীরিক ও মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরের ভিতরে খেলাধুলার আয়োজন এবং জাতীয় পর্যায়ে অংশ গ্রহণ।
৯.	শরীর চর্চার আয়োজন	বন্দিদের শারীরিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরে শরীর চর্চার আয়োজন ।
১০.	সাংস্কৃতিক কর্মকান্ডের আয়োজন	বন্দিদের বিনোদনের জন্য কারাভ্যন্তরে সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন।
১১.	মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং	বন্দিদের মাঝে মাদক বিরোধী প্রচারণা পরিচালনাসহ মাদকাসক্ত বন্দিদের কাউন্সিলিং।
১২.	কারা পাঠাগার স্থাপন।	বন্দিদের পড়াশোনা, মানসিক উৎকর্ষ সাধনে কারাভ্যন্তরে পাঠাগার স্থাপন।
১৩.	ডাস্টবিন স্থাপন	কারাভ্যন্তরে পরিস্কার-পরিচ্ছন্নতা রক্ষার সুবিধার্থে ডাস্টবিন স্থাপন ।
১৪.	ধর্মীয় শিক্ষা প্রদান	কারাভ্যন্তরে নিরক্ষর বন্দিদের ধর্মীয় শিক্ষা প্রদানের ব্যবস্থা গহণ।
১৫.	নিরক্ষর বন্দিদের স্বাক্ষরজ্ঞান প্রদান	কারাভ্যন্তরে নিরক্ষর বন্দিদের স্বাক্ষরজ্ঞান প্রদান।
১৬.	ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা	কারাভ্যন্তরে মায়ের সাথে থাকা শিশুদের জন্য ডে-কেয়ার সেন্টার প্রতিষ্ঠা
১৭.	সেলাই প্রশিক্ষণ	মহিলা বন্দিদের জন্য সেলাই প্রশিক্ষণ ব্যবস্থাকরণ
১৮.	ইলেকট্রিক ও ইলেকট্রনিক বিষয়ে প্রশিক্ষণ	পুরুষ বন্দিদের ইলেকট্রিক ও ইলেকট্রনিক বিষয়ে প্রশিক্ষণ আয়োজন।
১৯.	সাক্ষাত কক্ষে ফ্যানের ব্যবস্থা	বন্দিদের সাথে আত্মীয়-স্বজনের সাক্ষাতকক্ষে পর্যাপ্ত বসার স্থান এবং ফ্যানের ব্যবস্থাকরণ।
২০.	বন্দিদের আইন সহায়তা প্রদান	দরিদ্র, অসহায় ও অস্বচ্ছল বন্দিদের আইন সহায়তা প্রদানের ব্যবস্থা গ্রহণ
২১.	দর্শনার্থীদের জন্য টয়লেটের ব্যবস্থাকরণ	বন্দিদের সাথে সাক্ষাতপ্রার্থী আত্মীয়-স্বজনের জন্য টয়লেটের ব্যবস্থাকরণ
২২.	কারারক্ষিদের জন্য ক্রীড়া সামগ্রী প্রদান	কারারক্ষীদের জন্য বিভিন্নরকম ক্রীড়া সামগ্রী প্রদানের ব্যবস্থাকরণ
২৩	তথ্য ও সেবাকেন্দ্র চালুকরণ	সেবা গ্রহণের সুবিধার্থে তথ্য ও সেবাকেন্দ্র চালু করণ